গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ

এবং

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৯ – ৩০ জুন, ২০২০

# সুচিপত্র

উপক্রমণিকা

বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি

সেকশন ২: বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগের কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

**সংযোজনী ১: শব্দসংক্ষেপ**

**সংযোজনী ২**: কর্মসম্পাদন সূচকসমূহ ,বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

**সংযোজনী ৩**: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

# উপক্রমণিকা

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ

এবং

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলঃ

## বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Divisional Primary Education Office, Dhaka )
### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

প্রাথমিক শিক্ষার গুরুত্ব উপলব্ধি করে বর্তমান সরকার সমতাভিত্তিক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। শিক্ষক: শিক্ষার্থী এবং শিক্ষার্থী:শ্রেণিকক্ষের অনুপাত হ্রাসকরণের লক্ষ্যে এ বিভাগে নতুন প্রাক প্রাথমিক শিক্ষকের পদসৃষ্টিসহ ৫৫৬৯ জন শিক্ষকের নিয়োগ প্রদান করা হয়েছে। বিদ্যালয় পর্যায়ে শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে ৪২০৮ নলকূপ স্থাপনসহ ১৭২৪ টি ওয়াশব্লক নির্মাণ করা হয়েছে। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে শতভাগ শিক্ষার্থীর মধ্যে ২০১৯ সালে বিনামূল্যের ৮৩,৪০,৪১৩ বই বিতরণ করা হয়েছে। তাছাড়া, ঝরেপড়া রোধসহ প্রাথমিক শিক্ষা সমাপনের লক্ষ্যে দরিদ্র পরিবারের শিক্ষা সহায়তা কার্যক্রমের আওতায় ১০০% শিক্ষার্থীকে উপবৃত্তি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপবৃত্তি প্রদান করা হচ্ছে। তাছাড়া ৫৫৬৯ টি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য স্থানীয় উদ্যোগে মিড-ডে মিল চালু করা হয়েছে। বিদ্যালয় ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা বিকেন্দ্রীকরণের ৫৫৬৯ টি প্রাথমিক বিদ্যালয়ে 'স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান (SLIP) বাস্তবায়নের জন্য বিদ্যালয় প্রতি বাৎসরিক ৫০ হাজার থেকে ১ লক্ষ টাকা করে বরাদ্দ প্রদান করা হচ্ছে। তাছাড়া প্রতিবছর নিয়মিতভাবে প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা গ্রহণ করা হচ্ছে। প্রতিবছর ৫৫৬৯ টি বিদ্যালয়ের অংশগ্রহণে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট পরিচালিত হয়ে আসছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

ময়মনসিংহ বিভাগের প্রাথমিক শিক্ষার প্রধান প্রধান সমস্যা ও চ্যালেঞ্জসমূহ হচ্ছে শিক্ষক/কর্মকর্তার শূন্য পদ পূরণ, বিদ্যুৎবিহীন বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ দেওয়া, নতুন ভবন/শ্রেণিকক্ষ নির্মাণ ও সংস্কারের মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থী এবং শ্রেণিকক্ষ-শিক্ষার্থীর কাঙ্খিত অনুপাত অর্জন এবং হাওড় ও পাহাড়ী এলাকার দূর্গম বিদ্যালয়ে শতভাগ সুবিধা নিশ্চিত করা । শিক্ষক কর্তৃক শ্রেণিকক্ষে গতানুগতিক পাঠদানের প্রবণতা পরিহার করে পদ্ধতি মাফিক পাঠদানে অভ্যস্ত করা। হত দরিদ্র পরিবারের শিশুদেরকে বিদ্যালয়ের পরিবর্তে শ্রমঘন কর্মস্থানে প্রেরণ নিরুৎসাহিত করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সকল শিক্ষার্থীর ছবিসহ আইডি কার্ড ও ডাটাবেজ প্রণয়নসহ প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা এবং অবকাঠামো নির্মাণ নিশ্চিত করার জন্য পদক্ষেপ গ্রহণ করা হবে। ডিজিটাল শিক্ষার্থী হাজিরা ব্যবস্থা প্রণয়নের জন্য প্রয়োজনী উদ্যোগ গ্রহণ করা হবে। ঝরে পড়া ও স্কুল বর্হিভূত শিশুদের বিদ্যালয়ে আনয়ন এবং তাদের প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের জন্য সম্ভাব্য সকল উদ্যোগ গ্রহণ করা হবে। সকল শিশুর মানসম্মত শিক্ষা নিশ্চিত করার জন্য সরকারের গৃহীত পদক্ষেপ বাস্তবায়নের পাশাপাশি প্রাথমিক বিদ্যালয়ের সাথে স্থানীয় কমিউনিটিকে আরো বেশি সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণ করা হবে।

### ২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- নির্ধারিত সময়ে শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যের বই বিতরণ;
- ৩য় ও ৫ম শ্রেণির শিক্ষার্থীদের বাংলা পঠন দক্ষতা অর্জন;
- দরিদ্র শিক্ষার্থীদের উপবৃত্তি ও স্কুল ফিডিং এর আওতায় আনয়ন;
- বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা (স্লিপ) বাস্তবায়ন;
- বিদ্যালয় পর্যায়ে খেলাধূলাসহ সহপাঠক্রমিক কার্যক্রম জোরদার করা;
- ই-মনিটরিং-এর আওতায় পরিদর্শন কার্যক্রম ফলপ্রসূ ও জোরদার করা;
- প্রাথমিক বিদ্যালয়ের সাথে স্থানীয় কমিউনিটিকে সম্পৃক্ত করা।

## সেকশন ১:

বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলী (Functions):

### ১.১ রূপকল্প (Vision)

ময়মনসিংহ বিভাগের সকল শিশুর জন্য সমতাভিত্তিক মানসম্মত প্রাথমিক শিক্ষা।

### ১.২ অভিলক্ষ (Mission)

প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও গুণগতমান উন্নয়নের জন্য সমতাভিত্তিক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives):

#### ১.৩.১ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১) সার্বজনীন ও বৈষম্যহীন টেকসই মানসম্মত প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ;

২) মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ;

৩) প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার উন্নয়ন।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১) দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ;

২) কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;

৩) আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি: (Functions)

১. প্রাথমিক শিক্ষা সংক্রান্ত পরিপত্র ও নীতিমালা বাস্তবায়ন;

২. প্রাথমিক শিক্ষাস্তরের শিক্ষাক্রম পরিমার্জনে সহায়তাকরণ;

৩. প্রাথমিক শিক্ষা সংক্রান্ত গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রমে মাঠ পর্যায়ে নেতৃত্ব প্রদান;

৪. স্থানীয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন নিশ্চিতকরণ।

## সেকশন ২
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপন (২০২০-২১ | প্রক্ষেপন ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] সর্বজনীন ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ | ৩২ | [১.১]নির্ধারিত সময়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ। | [১.১.১] বিতরণকৃত পাঠ্যপুস্তক | তারিখ | ৪ | ০১.০১.১৮ | ০১.০১.১৯ | ০১.০১.২০ | ০৫.০১.২০ | ১০.০১.২০ | ১৫.০১.২০ | ২০.০১.২০ | ০১.০১.২১ | ০১.০১.২২ |
| | | [১.২] দারিদ্র্যপীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম | [১.২.১] উপকার ভোগী শিক্ষার্থী | সংখ্যা | ৪ | ৫৭০০০০ | ৪৬০০০০ | ৪৫০০০০ | ৪৪০০০০ | ৪২০০০০ | ৪১০০০০ | ৪০০০০০ | ৪৫০০০০ | ৪৫০০০০ |
| | | [১.৩] উপযুক্ত শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি কার্যক্রম | [১.৩.১] উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | [১.৪] ঝরে পড়া রোধে সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ভাতা ও বৃত্তি প্রদান (রস্ক)। | [১.৪.১] উপকার ভোগী শিক্ষার্থী | সংখ্যা | ৪ | ২৩৮১৬ | ১০০২৬ | ১৪৩০০ | ১৩৩০০ | ১২৩০০ | ১১৩০০ | ১০৩০০ | ১২০০০ | ১২০০০ |
| | | [১.৫] বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্ট | [১.৫.১] অংশগ্রহণকারী বিদ্যালয় | সংখ্যা | ৪ | ৫১৯৩ | ৫৩৫৩ | ৫৩৫৩ | ৫২৫৩ | ৫১৫৩ | ৫০৫৩ | ৪৯৫৩ | ৫৩৫৩ | ৫৩৫৩ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপন (২০২০-২১) | প্রক্ষেপন ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | [১.৬] আন্ত: প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা | [১.৬.১] অংশগ্রহণকারী বিদ্যালয় সংখ্যা | সংখ্যা | ৩ | ৫১৯৩ | ৫৩৫৩ | ৫৩৫৩ | ৫২৫৩ | ৫১৫৩ | ৫০৫৩ | ৪৯৫৩ | ৫৩৫৩ | ৫৩৫৩ |
| | | [১.৭] আন্ত: পিটিআই ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা | [১.৭.১] অংশগ্রহণকারী পিটিআই সংখ্যা | সংখ্যা | ৩ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |
| | | [১.৮] জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ আয়োজন | [১.৮.১] নির্ধারিত সময়ে বিভাগীয় পর্যায়ে শিক্ষা সপ্তাহ আয়োজিত | তারিখ | ৩ | ৩১.০৩.১৮ | ৩১.৩.১৯ | ৩১.০৩.২০ | ১০.০৪.২০ | ২০.০৪.২০ | ৩০.০৪.২০ | ১০.০৫.২০ | ৩১.০৩.২১ | ৩১.০৩.২২ |
| | | [১.৯] সামাজিক উদ্বুদ্ধকরণ | [১.৯.১] মা সমাবেশ/ অভিভাবক সমাবেশ | সংখ্যা | ৩ | ১৮৫০০ | ১৯৯৮২ | ২০০০০ | ১৯৫০০ | ১৮০০০ | ১৭৫০০ | ১৭০০০ | ২১০০০ | ২১৫০০ |
| মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ | ৩১ | [২.১] জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষে বিশেষ কর্মসূচি: প্রাথমিক বিদ্যালয়ের ৩য় ও ৫ম শিক্ষার্থীদের | [২.১.১] ৩য় শ্রেণির বাংলা পঠন দক্ষতা অর্জনকারী শিক্ষার্থী | % | ৩ | | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ১০০ | |
| | | | [২.১.২] ৫ম শ্রেণির বাংলা পঠন দক্ষতা অর্জনকারী | % | ৩ | | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ১০০ | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপন (২০২০-২১ | প্রক্ষেপন ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | বাংলা পঠন দক্ষতা অর্জন | শিক্ষার্থী | | | | | | | | | | | |
| | | [২.২] ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা গ্রহণ। | [২.২.১] নির্ধারিত সময়ে পরীক্ষা গ্রহণ করা | তারিখ | ৫ | ২৬.১১.১৭ | ২৬.১১.১৮ | ৩১.১১.১৯ | ০৫.১২.১৯ | ০৭.১১.১৯ | ১০.১১.১৯ | ১৫.১১.১৯ | ৩১.১১.২০ | ৩১.১১.২১ |
| | | [২.৩] শিক্ষকদের সি-ইন-এড এবং ডিপইনএড প্রশিক্ষণ প্রদান। | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | সংখ্যা | ৫ | ৭২৪ | ৭৭১ | ৬০০ | ৫৫০ | ৫০০ | ৪৫০ | ৪০০ | ৬০০ | ৬০০ |
| | | [২.৪] প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন | [২.৪.১] পরিদর্শিত বিদ্যালয় | সংখ্যা | ৫ | ২১৮০০ | ২৩৩০৭ | ২০০০০ | ১৯৫০০ | ১৯০০০ | ১৮৫০০ | ১৮০০০ | ২০০০০ | ২১০০০ |
| | | [২.৫] ই-মনিটরিং সিস্টেমে বিদ্যালয় পরিদর্শন | [২.৫.১] ই-মনিটরিং সিস্টেমের আওতায় পরিদর্শিত বিদ্যালয় সংখ্যা | সংখ্যা | ৪ | ৮৫ | ৯৪৮৭ | ১২০০০ | ১১০০০ | ১০০০০ | ৯০০০০ | ৮০০০০ | ১৫০০০ | ১৮০০০ |
| | | [২.৬] প্রমাপ অনুযায়ী অফিস পরিদর্শন | [২.৬.১] পরিদর্শিত অফিস | সংখ্যা | ৩ | ৭২৭ | ৭১১ | ৭০০ | ৬৫০ | ৬০০ | ৫৫০ | ৫০০ | ৭০০ | ৭০০ |
| | | [২.৭] শিক্ষকদের আইসিটি প্রশিক্ষণ | [২.৭.১] আইসিটি | সংখ্যা | ৩ | ১১৯১ | ১২৯৯ | ১০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | ১০০০ | ১০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপন (২০২০-২১ | প্রক্ষেপন ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | | | | | | | | | | | |
| [৩] প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা উন্নয়ন | ১৭ | [৩.১] স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান বাস্তবায়ন (SLIP) | [৩.১.১] স্লিপ এর আওতায় বরাদ্দকৃত অর্থের যথাযথভাবে ব্যয় | % | ৫ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ | ১০০ |
| | | [৩.২] বিদ্যালয় রুটিন মেন্টেন্যান্স | [৩.২.১] বিদ্যালয় রুটিন মেন্টেন্যান্স এর আওতায় বরাদ্দকৃত অর্থের যথাযথভাবে ব্যয় | % | ৫ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ | ১০০ |
| | | [৩.৩] মাসিক সমন্বয় সভা আয়োজন | [৩.৩.১] আওতাধীন দপ্তরসমূহের অফিস প্রধানদের নিয়ে সভার আয়োজন | সংখ্যা | ৪ | | | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | [৩.৪] বিদ্যালয় ব্যবস্থাপনায় এস,এমসির অংশগ্রহন | [৩.৪.১] অনুষ্ঠিত এস,এমসির সভা | সংখ্যা | ৩ | ৪৯৭০৩ | ৩১২০৯ | ৩১০০০ | ৩০০০০ | ২৯০০০ | ২৮০০০ | ২৭০০০ | ৩১০০০ | ৩২০০০ |

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৯-২০

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্য মাত্রার মান ২০১৯-২০ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতাবৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৬ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণআয়োজিত | জনঘন্টা | ০.৫ | ৬০ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [১.১.৩] ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ২৪ জুলাই ২০১৯ | ২৯ জুলাই ২০১৯ | ৩০ জুলাই ২০১৯ | ৩১ জুলাই ২০১৯ | ০১ আগস্ট ২০১৯ |
| | | | [১.১.৪] ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ১৩ জানুয়ারি, ২০২০ | ১৬ জানুয়ারি, ২০২০ | ১৭ জানুয়ারি, ২০২০ | ২০ জানুয়ারি, ২০২০ | ২১ জানুয়ারি, ২০২০ |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্ট সময়ে মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - |
| | | | [১.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্দ্ধতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১.০ | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্য মাত্রার মান ২০১৯-২০ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |
| | | | [১.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১৭ ফেব্রুয়ারি, ২০২০ | ২৮ ফেব্রুয়ারি, ২০২০ |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১.০ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১.০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | [২.২] উদ্ভাবনী উদ্যোগ/ ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [২.২.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১.০ | ১১ মার্চ, ২০২০ | ১৮ মার্চ, ২০২০ | ২৫ মার্চ, ২০২০ | ১ এপ্রিল, ২০২০ | ৮ এপ্রিল, ২০২০ |
| | | [২.৩] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | [২.৩.১] পিআরএল আদেশ জারিকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [২.৩.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [২.৪] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.৪.১] অফিসের সকল তথ্য হালনাগাদকৃত | % | ২.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থার উন্নয়ন | ৬ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ১.০ | ১৬ আগস্ট, ২০১৯ | ২০ আগস্ট, ২০১৯ | ২৪ আগস্ট, ২০১৯ | ২৮ আগস্ট, ২০১৯ | ৩০ আগস্ট, ২০১৯ |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০ | ৪ | ৩ | - | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্য মাত্রার মান ২০১৯-২০ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | [৩.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ব্রডশীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | [৩.৪] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৪.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.২] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

আমি বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ- এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট কার্যালয়কে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ

২০.০৬.২০১৭
তারিখ

..................
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

২০.০৬.১৭
তারিখ

## সংযোজনী-১

### শব্দসংক্ষেপ
### (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষর | বর্ণনা |
|---|---|---|
| ১ | প্রাগম | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ২ | প্রাশিঅ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| ৩ | নেপ | ন্যাশনাল একাডেমী ফর প্রাইমারি এডুকেশন |
| ৪ | বিএনএফই | ব্যুরো অব নন-ফরমাল এডুকেশন |
| ৫ | এলজিইডি | লোকাল গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| ৬ | ডিপিএইচই | ডিপার্টমেন্ট অব পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং |
| ৭ | এনসিটিবি | ন্যাশনাল কারিকুলাম এ্যান্ড টেক্সট বুক বোর্ড |
| ৮ | আইইআর | ইনস্টিটিউট অব এডুকেশন এ্যান্ড রিসার্চ |
| ৯ | রস্ক | রিচিং আউট অব স্কুল চিলড্রেন প্রকল্প |
| ১০ | পিইসিই | প্রাইমারি এডুকেশন কমপ্লিশন এক্সামিনেশন |
| ১১ | ডিপ-ইন-এড | ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন |
| ১২ | এপিএসসি | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস |
| ১৩ | পিটিআই | প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউট |
| ১৪ | স্লিপ | স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এর বিবরণ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | [১.১] নির্ধারিত সময়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ। | [১.১.১] বিতরণকৃত পাঠ্যপুস্তক | প্রতিবছর ১ জানুয়ারির মধ্যে ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত প্রতি শিক্ষার্থীর হাতে বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ২ | [১.২] দারিদ্র্য পীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম | [১.২.১] উপকার ভোগী শিক্ষার্থী | ভর্তির হার বৃদ্ধি এবং ঝরে পরার হার কমানোর লক্ষ্যে প্রতি শিক্ষার্থীকে উচ্চ পুষ্টিমান সম্পন্ন বিস্কুট প্রদান। | প্রকল্প পরিচালক, স্কুল ফিডিং প্রোগ্রাম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৩ | [১.৩] উপযুক্ত শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি কার্যক্রম | [১.৩.১] উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী | ভর্তির হার বৃদ্ধি এবং ঝরে পড়ার হার কমানোর লক্ষ্যে উপযুক্ত পরিবারের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি প্রদান। | প্রকল্প পরিচালক উপবৃত্তি প্রদান প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৪ | [১.৪] ঝরে পড়া রোধে সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ভাতা ও বৃত্তি প্রদান (রস্ক)। | [১.৪.১] উপকার ভোগী শিক্ষার্থী | প্রকল্পভুক্ত শিশুদের মধ্যে শিক্ষাভাতাসহ অন্যান্য ভাতা এবং বৃত্তি প্রদান | প্রকল্প পরিচালক (রস্ক), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৫ | [১.৫] বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্ট | [১.৫.১] অংশগ্রহণকারী বিদ্যালয় | শিক্ষার্থীদের (ছেলে ও মেয়ে) ফুটবল খেলায় উৎসাহিত করা | প্রাথমিক শিক্ষা বিভাগ ও স্থানীয় প্রশাসনের সহযোগিতায় বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৬ | [১.৬] আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সংস্কৃতিক প্রতিযোগিতা | [১.৬.১] অংশগ্রহণকারী বিদ্যালয় সংখ্যা | শিক্ষার্থীদের খেলাধূলা ও সাংস্কৃতিক কর্মকান্ডে উৎসাহিত করা | প্রাথমিক শিক্ষা বিভাগ ও স্থানীয় প্রশাসনের সহযোগিতায় বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৭ | [১.৭] আন্তঃ পিটিআই ক্রীড়া ও সংস্কৃতিক প্রতিযোগিতা | [১.৭.১] অংশগ্রহণকারী পিটিআই সংখ্যা | প্রশিক্ষণার্থীদের খেলাধূলা ও সাংস্কৃতিক কর্মকান্ডে উৎসাহিত করা | পিটিআই এর সহযোগিতায় বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৮ | [১.৮] জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ আয়োজন | [১.৮.১] নির্ধারিত সময়ে বিভাগীয় পর্যায়ে শিক্ষা সপ্তাহ আয়োজিত | প্রতি বছর ০১ জানুয়ারি-৩০ মার্চ সময়কালে (নির্ধারিত সময়ে) সকল প্রাথমিক বিদ্যালয়ের অংশগ্রহণে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহের কর্মসূচিসমূহ সম্পন্ন করা | প্রাথমিক বিদ্যালয়, উপজেলা/থানা শিক্ষা অফিস, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পিটিআই এর সহযোগিতায় বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা ঢাকা বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৯ | [১.৯] সামাজিক উদ্বুদ্ধকরণ | [১.৯.১] মা সমাবেশ/ অভিভাবক সমাবেশ | প্রাথমিক শিক্ষায় মা/অভিভাবকদের সম্পৃক্ত করার লক্ষ্যে সমাবেশ করা | বিদ্যালয়ে এসএমসি, স্থানীয় প্রাথমিক শিক্ষা বিভাগের সহযোগিতায় বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ১০ | [২.১] জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষে বিশেষ কর্মসূচি: প্রাথমিক বিদ্যালয়ের ৩য় ও ৫ম শিক্ষার্থীদের বাংলা পঠন দক্ষতা অর্জন | [২.১.১] ৩য় শ্রেণির বাংলা পঠন দক্ষতা অর্জনকারী শিক্ষার্থী | প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং শিক্ষার্থীদের পঠন দক্ষতা উন্নীতকরনের লক্ষ্যে শ্রেণিকক্ষে পঠন ও শিখন কার্যক্রমের মান উন্নয়ন। | প্রাথমিক বিদ্যালয়, উপজেলা/থানা শিক্ষা অফিস, জেলা প্রাথমিক শিক্ষা অফিস এর সহযোগিতায় বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয় | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| | | [২.১.২] ৫ম শ্রেণির বাংলা পঠন দক্ষতা অর্জনকারী শিক্ষার্থী | প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং শিক্ষার্থীদের পঠন দক্ষতা উন্নীতকরনের লক্ষ্যে শ্রেণিকক্ষে পঠন ও শিখন কার্যক্রমের মান উন্নয়ন। | প্রাথমিক বিদ্যালয়, উপজেলা/থানা শিক্ষা অফিস, জেলা প্রাথমিক শিক্ষা অফিস এর সহযোগিতায় বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয় | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ১১ | [২.২] ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা গ্রহণ। | [২.২.১] নির্ধারিত সময়ে পরীক্ষা গ্রহণ করা | প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং শিক্ষার্থীদের শিক্ষার মানে সমতা আনয়নের উদ্দেশ্যে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা (PECE) প্রবর্তন। প্রতিবছর নভেম্বরের শেষের দিকে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। | উপজেলা শিক্ষা অফিস, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, জেলা প্রাথমিক শিক্ষা অফিস এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ১২ | [২.৩] শিক্ষকদের সি-ইন-এড এবং ডিপইনএড প্রশিক্ষণ প্রদান। | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | প্রতিটি পিটিআই এ ২০০ জন হিসাবে প্রতিটি পিটিআই এ শিক্ষকদের সি-ইন-এড/ডিপ-ইন-এড ১২/১৮ মাস মেয়াদী প্রশিক্ষন প্রদান। | পিটিআইয়ের সহযোগিতায় বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ১৩ | [২.৪] প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন | [২.৪.১] বিদ্যালয় পরিদর্শন | মাঠ পর্যায়ের বিভাগীয় কর্মকর্তাদের প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন করা। | মাঠ পর্যায়ের দপ্তরসমূহের সহযোগিতায় বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ১৪ | [২.৫] ই-মনিটরিং সিস্টেমে বিদ্যালয় পরিদর্শন | [২.৫.১] ই-মনিটরিং সিস্টেমের আওতায় পরিদর্শিত বিদ্যালয় | মাঠ পর্যায়ের বিভাগীয় কর্মকর্তাগণ কর্তৃক ই-মনিটরিং সিস্টেমে পরিদর্শন করা। | মাঠ পর্যায়ের বিভাগীয় কর্মকর্তাদের সহযোগিতায় উপপরিচালক, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ১৫ | [২.৬] প্রমাপ অনুযায়ী অফিস পরিদর্শন | [২.৬.১] পরিদর্শিত অফিস | মাঠ পর্যায়ের বিভাগীয় কর্মকর্তাদের প্রমাপ অনুযায়ী অফিস পরিদর্শন করা। | মাঠ পর্যায়ের দপ্তরসমূহের সহযোগিতায় বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১৬ | [২.৭] আইসিটি প্রশিক্ষণ | [২.৭.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | শিক্ষকদের কনটেন্টভিত্তিক পাঠদানে দক্ষতা অর্জনের লক্ষ্যে আইসিটি প্রশিক্ষণ দেয়া। | পিটিআইসমূহের সহযোগিতায় বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ১৭ | [৩.১] স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান বাস্তবায়ন (SLIP) | [৩.১.১] স্লিপ এর আওতায় বরাদ্দকৃত অর্থের যথাযথভাবে ব্যয় | প্রতিবছর বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য প্রতিটি বিদ্যালয়কে স্লিপ ফান্ডের মাধ্যমে প্রদেয় অর্থের যথাযথ ব্যয় নিশ্চিত করা। | SLI P কমিটি, উপজেলা শিক্ষা অফিস, জেলা প্রাথমিক শিক্ষা অফিস এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর সহযোগিতায় বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ১৮ | [৩.২] বিদ্যালয় রুটিন মেন্টেন্যান্স | [৩.২.১] বিদ্যালয় রুটিন মেন্টেন্যান্স এর আওতায় বরাদ্দকৃত অর্থের যথাযথভাবে ব্যয় | প্রতিবছর বিদ্যালয় রুটিন মেন্টেন্যান্স এর আওতায় বরাদ্দকৃত অর্থের যথাযথভাবে ব্যয় নিশ্চিত করা। | এসএমসি, উপজেলা শিক্ষা অফিস, জেলা প্রাথমিক শিক্ষা অফিস এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর সহযোগিতায় বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ১৯ | [৩.৩] মাসিক সমন্বয় সভা আয়োজন | [৩.৩.১] আওতাধীন দপ্তরসমূহরে অফিস প্রধানদের নিয়ে সভার আয়োজন | আওতাধীন দপ্তরসমূহরে অফিস প্রধানদের নিয়ে সভার আয়োজন প্রতিমাসে সমন্বয় সভার আয়োজন | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢা ময়মনসিংহ বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ২০ | [৩.৪] বিদ্যালয় ব্যবস্থাপনায় এসএমসি'র অংশগ্রহণ | [৩.৪.১] এসএমসির'র সভা অনুষ্ঠান | প্রতি মাসে কমপক্ষে একটি করে এসএসসি'র সভা করা। | বিদ্যালয়ের এসএমসি'র সহযোগিতায় বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ। | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ-এর বার্ষিক প্রতিবেদন। | |

## সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| এনসিটিবি | নির্ধারিত সময়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ। | বিতরণকৃত পাঠ্যপুস্তক | নির্ধারিত সময়ের মধ্যে পাঠ্যপুস্তক মুদ্রন ও সরবরাহ। | বই মুদ্রণের জন্য টেন্ডার থেকে আহবান, বিল প্রদান ইত্যাদি কাজ এনসিটিবি কর্তৃক করা হয়। | নির্ধারিত সময়ে পাঠ্যপুস্তক পাওয়া যাবে না। |
| দারিদ্র্য পীড়িত এলাকায় স্কুল ফিডিং প্রকল্প | দারিদ্র্য পীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম | উপকার ভোগী শিক্ষার্থী | প্রকল্পভুক্ত প্রতি শিক্ষার্থীকে উচ্চ পুষ্টিমান সম্পন্ন বিস্কুট প্রদান | দারিদ্র পীড়িত এলাকায় ভর্তির হার বৃদ্ধি এবং ঝরে পরার হার কমানো | ভর্তির হার বৃদ্ধি এবং ঝড়ে পরার হার কমানো সংক্রান্ত কার্যক্রম ব্যাহত হবে। |
| প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান প্রকল্প | উপযুক্ত শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি কার্যক্রম | উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী | নির্ধারিত সময়ে প্রকল্পভুক্ত শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ | মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে শিক্ষার্থীদের নিয়মিত বিদ্যালয়ে উপস্থিতি, ভর্তির হার বৃদ্ধি এবং ঝরে পরার হার কমানো | শিক্ষার্থীদের উপস্থিতির হার ও ভর্তির হার বৃদ্ধি এবং ঝড়র পরার হার কমানো সংক্রান্ত কার্যক্রম ব্যাহত হবে। |
| রিচিং আউট অব স্কুল চিলড্রেন (রস্ক) প্রকল্প | ঝরে পড়া রোধে সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ভাতা ও বৃত্তি প্রদান | উপকার ভোগী শিক্ষার্থী | নির্ধারিত সময়ে প্রকল্পভুক্ত শিক্ষার্থীদের শিক্ষাভাতা ও বৃত্তি প্রদান | ঝরে পড়া রোধে সুবিধাবঞ্চিত শিশুদের প্রাথমিক শিক্ষাচক্র সমাপন | ঝরে পড়া রোধে সুবিধাবঞ্চিত শিশুদের প্রাথমিক শিক্ষা সমাপনী চক্রে ধরে রাখা যাবে না। |